অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন 1.7 বিলিয়ন ডলারের জনস্বাস্থ্য গবেষণাগারের নির্মাণকাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকল ঘোষণা করলেন

স্বাস্থ্য বিভাগের নতুন ওয়াডসওয়ার্থ সেন্টার ল্যাবরেটরিটি জনস্বাস্থ্য সংকট মোকাবেলায় স্টেটের প্রস্তুতিকে জোরদার করবে

ভবিষ্যৎ গবেষণাগারের অত্যাধুনিক নকশা প্রকাশ করে স্টেট তরজমা উন্মোচন করেছে

গবেষণাগারটি 2030 সালের মধ্যে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে

ওয়াডসওয়ার্থ সেন্টারটি দেশের বৃহত্তম এবং সবচেয়ে বৈচিত্র্যময় স্টেট জনস্বাস্থ্য গবেষণাগারে পরিণত হয়েছে, যা নিউ ইয়র্কের বাসিন্দা এবং স্টেটের সীমানার বাইরের সম্প্রদায়গুলোর স্বাস্থ্য সুরক্ষা প্রদান করছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে পরিকল্পিত 1.7 বিলিয়ন ডলারের অত্যাধুনিক জনস্বাস্থ্য গবেষণাগারের নির্মাণকাজ আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে, যা উদীয়মান হুমকি শনাক্ত, প্রতিরোধ এবং সেগুলোর মোকাবিলা করার ক্ষেত্রে নিউ ইয়র্কের সক্ষমতাকে আমূল পরিবর্তন করবে। নতুন ওয়াডসওয়ার্থ সেন্টার সুবিধাটি গ্রেটার আলবানি (Greater Albany) এলাকার পাঁচটি বিচ্ছিন্ন স্থানকে একত্রিত করে একটি একক, আধুনিক কেন্দ্রে পরিণত করবে, যা ভবিষ্যতের জনস্বাস্থ্য হুমকি মোকাবেলায় স্টেটের সক্ষমতাকে শক্তিশালী করবে, পরবর্তী প্রজন্মের বিজ্ঞানীদের সহায়তা করবে এবং সারা দেশে সহযোগিতার সুযোগ তৈরি করবে। কেন্দ্রটি 2030 সালের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। 1901 সাল থেকে, ওয়াডসওয়ার্থ সেন্টারটি দেশের বৃহত্তম এবং সবচেয়ে বৈচিত্র্যময় স্টেট জনস্বাস্থ্য গবেষণাগার হয়ে উঠেছে।

"নতুন ওয়াডসওয়ার্থ সেন্টার গবেষণাগারটি নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি মানুষের স্বাস্থ্যের জন্য একটি শক্তিশালী বিনিয়োগ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই গবেষণাগারটি স্টেটকে জনস্বাস্থ্যের জন্য উদ্ভূত হুমকিগুলো সম্পর্কে আরও ভালোভাবে পূর্বাভাস দিতে এবং প্রস্তুতি নিতে সাহায্য করবে এবং এটি দেশের অন্যতম নির্ভরযোগ্য জনস্বাস্থ্য গবেষণাগার হয়ে উঠবে, যা স্টেট, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জনস্বাস্থ্য নীতি ও অনুশীলনকে প্রভাবিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের (Department of Health) কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "স্বাস্থ্য দপ্তরের নতুন ওয়াডসওয়ার্থ সেন্টার

ল্যাবরেটরি হল রোগ নজরদারির ক্ষেত্রে অগ্রগতির শীর্ষে থেকে নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্য সুরক্ষায় গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতির একটি প্রমাণ। আমাদের দেশের শীর্ষস্থানীয় জনস্বাস্থ্য গবেষণা পরীক্ষাগারটি জনস্বাস্থ্য সুরক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বায়োমেডিকেল এবং পরিবেশগত গবেষণার ক্ষেত্রে সর্বাধুনিক পর্যায়ে থাকবে, এই কেন্দ্রটি এটি নিশ্চিত করতে আমাদের সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথরিটির প্রেসিডেন্ট Robert J. Rodriguez (রবার্ট জে. রদ্রিগেজ) বলেন, "স্বাস্থ্য দপ্তরের জন্য এই যুগান্তকারী 1.7 বিলিয়ন ডলারের প্রকল্পটি সম্পন্ন করতে পেরে DASNY গর্বিত। স্টেটের নির্মাণ ও অর্থায়ন কর্তৃপক্ষ হিসেবে আমরা এমন অবকাঠামো নির্মাণে প্রতিশ্রুতিবদ্ধ, যা আগামী প্রজন্ম ধরে নিউ ইয়র্কবাসীদের জন্য কাজ করবে। এটি দেশের অন্যতম গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য গবেষণাগার প্রকল্পগুলোর মধ্যে একটি, এবং আমাদের দল আমাদের ডিজাইন-নির্মাণ অংশীদারদের সাথে নিবিড়ভাবে কাজ করছে যাতে ওয়াডসওয়ার্থ সেন্টার তার সুপরিচিত বৈজ্ঞানিক লক্ষ্যের যোগ্য একটি বিশ্বমানের সুবিধা লাভ করে। নিউ ইয়র্কের জনস্বাস্থ্য পরিকাঠামোতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের প্রতি তার দূরদৃষ্টি ও প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

আজ ওয়াডসওয়ার্থ সেন্টার উদ্ভাবনের দিক থেকে অগ্রভাগে রয়েছে এবং এটি নিউ ইয়র্কের বাসিন্দা ও স্টেটের সীমানার বাইরের সম্প্রদায়গুলোর স্বাস্থ্য সুরক্ষায় কাজ করে যাচ্ছে। এই কেন্দ্রটি CDC এবং অন্যান্য ফেডারেল সংস্থা কর্তৃক বিভিন্ন ধরনের সংক্রামক রোগ, পরিবেশগত ঝুঁকি এবং বিষাক্ততার হুমকি সম্পর্কিত একটি জাতীয় রেফারেন্স কেন্দ্র হিসেবে স্বীকৃততা।

অ্যালবান এর ডাব্লু. অ্যাভেরেল হারিম্যান (W. Averell Harriman) ক্যাম্পাসে অবস্থিত ওয়াডসওয়ার্থ সেন্টারটি কাছাকাছি অ্যালবান ক্যাম্পাসের SUNY ইউনির্ভার্সিটির সাথে আরও নিবিড় সহযোগিতা গড়ে তুলবে, যা 1980-এর দশকের মাঝামাঝি থেকে চলে আসা একাডেমিক অংশীদারিত্বের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হবে,সেইসাথে এটি সংলগ্ন নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস ফুড ল্যাবরেটরির (Department of Agriculture and Markets Food Laboratory) সাথেও সহযোগিতা করবে। এই গবেষণাগারটিতে প্রায় 800 জন কর্মী কাজ করবেন এবং এটি এর কার্যকাল জুড়ে পরিবর্তিত চাহিদার সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য ডিজাইন করা হচ্ছে, যেখানে শক্তি, দক্ষতা এবং স্থায়িত্বের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে।

ডিজাইন-নির্মাণ দলটি Gilbane বিল্ডিং কোম্পানি এবং Turner কনস্ট্রাকশন কোম্পানির একটি যৌথ উদ্যোগ, যা HOK আর্কিটেকদের সহযোগিতায় গঠিত। দলটির নতুন গবেষণাগারের জন্য নকশা এ পাঁচতলা বিশিষ্ট, 663,000 বর্গ ফুটের গবেষণাগার দেখানো হয়েছে।

ওয়ার্ডসওয়ার্থ সেন্টার বিভিন্ন ধরনের দেশসেরা কর্মসূচির নেতৃত্ব দেয়, যা নিউ ইয়র্ককে দেশব্যাপী জনস্বাস্থ্য গবেষণাগারগুলোর জন্য একটি মডেলে পরিণত করেছে। একসাথে এই কর্মসূচিগুলো উদ্ভাবনকে উৎসাহিত করেছে, প্রস্তুতিকে শক্তিশালী করেছে এবং উদীয়মান হুমকি থেকে সম্প্রদায়গুলোকে সুরক্ষিত রেখেছে।

- **জনস্বাস্থ্য ইমার্জেন্সি রেসপন্স (Public Health Emergency Response):** 2022 সালের পোলিওভাইরাস প্রকোপের শনাক্তকরণ ও নজরদারির নেতৃত্ব দিয়েছে, যার মধ্যে যুক্তরাষ্ট্রে পক্ষাঘাত সৃষ্টিকারী পোলিওর প্রথম ঘটনাটি শনাক্তকরণও অন্তর্ভুক্ত ছিল।
- **ওয়েস্টওয়াটার নজরদারি ও ডায়াগনস্টিক্স (Wastewater Surveillance and Diagnostics):** এটি উদীয়মান রোগজীবাণু এবং অ্যান্টিমাইক্রোবিয়াল প্রতিরোধের শনাক্তকরণের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রধান বর্জ্য জল নজরদারি পরীক্ষাগার হিসেবে কাজ করে।
- **পরিবেশগত স্বাস্থ্যে নেতৃত্ব:** এটি স্টেটের প্রধান নিরাপদ পানীয় জল আইন পরীক্ষাগার হিসেবে কাজ করে এবং শনাক্তকরণ, পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রদানে একটি জাতীয় পর্যায়ে নেতা।
- **ইনোভেটিভ ডায়াগনস্টিক টেস্টিং পাইপলাইন:** যক্ষ্মা, এমপক্স (Mpox) এবং ইনফ্লুয়েঞ্জার পরীক্ষার ক্ষেত্রে এই কেন্দ্রের রোগ নির্ণয় সংক্রান্ত অগ্রগতি CDC-কে ছাড়িয়ে গেছে।
- **নিউবর্ন স্ক্রিনিং প্রোগ্রাম:** এটি প্রতি বছর 210,000-এরও বেশি সদ্যজাত শিশুর 50+ রোগের জন্য স্ক্রিনিং কার্যক্রমকে এগিয়ে নিয়ে যায়, যা প্রাথমিক রোগ নির্ণয় এবং জীবন রক্ষাকারী পরিচর্যার সুযোগ করে দেয়।
- **নিয়ন্ত্রক এবং তদারকি কর্মসূচি:** এটি কঠোর স্টেটব্যাপী পরীক্ষাগারের মান নির্ধারণ ও প্রয়োগ করে, যা ফেডারেল প্রয়োজনীয়তাকেও ছাড়িয়ে যায় এবং একটি জাতীয় মডেল হিসেবে কাজ করে।

ওয়াডসওয়ার্থ সেন্টার এই বছর তার 125তম বার্ষিকী উদযাপন করছে। এই নতুন গবেষণাগারটি এই গৌরবময় ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাবে এবং নিশ্চিত করবে যে ওয়াডসওয়ার্থ সেন্টার আগামী প্রজন্ম ধরে নিউ ইয়র্ক স্টেট ও তার বাইরের অঞ্চলকে সেবা প্রদানকারী একটি বিশ্বমানের জনস্বাস্থ্য প্রতিষ্ঠান হিসেবে টিকে থাকবে।

স্টেট সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "গত এক দশক ধরে আমি ওয়াডসওয়ার্থ পাবলিক হেলথ ল্যাবরেটরির পুনর্নির্মাণ ও একত্রীকরণের পক্ষে সওয়াল করে আসছি, এবং এই বিনিয়োগকে সমর্থন করার জন্য আমি গভর্নরকে সাধুবাদ জানাই, যা এই পরীক্ষাগারটিকে তার বিশ্বমানের মর্যাদা ফিরিয়ে আনতে সাহায্য করবে। নিউ ইয়র্কের জন্য একটি অত্যাধুনিক জনস্বাস্থ্য গবেষণাগারে এই 1.7 বিলিয়ন ডলারের বিনিয়োগটি কয়েক দশকের মধ্যে ক্যাপিটাল অঞ্চলে সবচেয়ে বড় সরকারি বিনিয়োগ এবং এটি এমনভাবে ডিজাইন করা উচিত যাতে আলবানি, এর কর ভিত্তি, খুচরা ব্যবসা এবং সংশ্লিষ্ট বাণিজ্যিক বিনিয়োগের জন্য একটি ইতিবাচক গুণক প্রভাব নিশ্চিত হয়। আমি গভর্নর এবং তার টিমের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি, যার লক্ষ্য হল একবিংশ শতাব্দীর কর্মীবাহিনীকে আকৃষ্ট করা, আমরা যেন ইতিবাচক গুণক প্রভাব সৃষ্টি করতে পারি তা নিশ্চিত করা, এবং সবশেষে পুরো ক্যাম্পাসটির পুনর্গঠনের জন্য একটি মাস্টার প্ল্যান তৈরির মাধ্যমে বিচ্ছিন্ন হ্যারিম্যান (Harriman) ক্যাম্পাসটিকে পুনরায় সংযুক্ত করা।"

অ্যাসেম্বলিমেম্বার John T. McDonald III, RPh (জন টি. ম্যাকডোনাল্ড) বলেন, "গবেষণা ও জনস্বাস্থ্যের ক্ষেত্রে ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরি বিশ্বজুড়ে একটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান এবং এটি ক্যাপিটাল রিজিয়ন ও তার বাইরের এলাকার জন্য একটি অভাবনীয় সম্পদ হিসেবে কাজ করে আসছে। এই কারণেই আমি আমার সহকর্মীদের সাথে কাজ করেছি যাতে নতুন সম্প্রসারিত ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরিটি এখানেই এই ক্যাপিটাল রিজিয়নে থাকে। একজন স্বাস্থ্যসেবা কর্মী হিসেবে, হ্যারিম্যান (Harriman) ক্যাম্পাসে নতুন ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরিতে করা প্রতিশ্রুতি এবং বিনিয়োগের আমি প্রশংসা করি। এখন যেকোনো সময়ের চেয়ে বেশি, নিউ ইয়র্ককে জনস্বাস্থ্য ক্ষেত্রে একজন নেতা হিসেবে তার ভূমিকা বজায় রাখতে হবে। গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরকে (Department of Health) তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ এবং আমি আমি এই প্রধান গবেষণা কেন্দ্রটিকে সমর্থন করতে পেরে গর্বিত এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখব, যা ক্যাপিটাল রিজিয়নের অর্থনীতির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ।"

অ্যাসেম্বলিমেম্বার Amy Paulin (অ্যামি পাউলিন) বলেন, "নতুন ওয়াডসওয়ার্থ ল্যাবটি নিউ ইয়র্ক এবং দেশকে বর্তমান ও ভবিষ্যতের উদ্ভূত জনস্বাস্থ্য হুমকি মোকাবিলায় সহায়তা করবে। এই নতুন কেন্দ্রটি নিউ ইয়র্ককে ভবিষ্যৎ প্রজন্মের জন্য জনস্বাস্থ্য প্রস্তুতিতে দেশজুড়ে নেতৃত্ব দিতে সাহায্য করবে।“

অ্যাসেম্বলিমেম্বার Gabriella A. Romero (গ্যাব্রিয়েলা এ. রোমেরো) বলেন, “নতুন অত্যাধুনিক ওয়াডসওয়ার্থ সেন্টারে এই 1.7 বিলিয়ন ডলারের বিনিয়োগটি আলবানির জন্য একটি চমৎকার সুযোগ এবং এটি নিউ ইয়র্ক স্টেটকে বিজ্ঞান, উদ্ভাবন ও জনস্বাস্থ্য ক্ষেত্রে নেতৃত্ব ধরে রাখতে সাহায্য করবে। হ্যারিম্যান ক্যাম্পাসে ওয়াডসওয়ার্থকে একটি একক, বিশ্বমানের গবেষণাগারে একীভূত করার মাধ্যমে নিউ ইয়র্কের জনস্বাস্থ্য প্রস্তুতি উন্নত করা হচ্ছে, এবং এই প্রেক্ষাপটে ক্যাপিটাল রিজিয়নেই একটি শক্তিশালী কর্মীবাহিনীকে আকর্ষণ ও ধরে রাখার মতো একটি পরিবেশ তৈরি করা আমাদের জন্য অত্যন্ত জরুরি। হ্যারিম্যান ক্যাম্পাসকে আধুনিকীকরণ করতে এবং এটিকে একটি সত্যিকারের কমিউনিটি সম্পদে রূপান্তরিত করতে আমি সিনেটর Fahy (ফেহি)-র সাথে কাজ করতে পেরে গর্বিত, যা কোনো স্থান নষ্ট না করে আলবানির জন্য দীর্ঘমেয়াদী অর্থনৈতিক সুবিধা বয়ে আনবে। আমাদের শহরে এই ঐতিহাসিক বিনিয়োগকে সমর্থন করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্পটির বাস্তবায়নের জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

অ্যালবান কাউন্টি এক্সিকিউটিভ Daniel P. McCoy (ড্যানিয়েল পি. ম্যাকয়) বলেন, "উদীয়মান হুমকি থেকে জনস্বাস্থ্যকে রক্ষা করার ক্ষেত্রে নিউ ইয়র্ককে অগ্রভাগে রাখার জন্য মূল উপাদান হল উন্নয়ন, আধুনিকীকরণ এবং একত্রীকরণ। হ্যারিম্যান ক্যাম্পাসে এই সমস্ত কাজ করা, প্রায় 800 মানুষকে এই একটি কেন্দ্রে একত্রিত করা এবং স্থায়িত্ব, শক্তি ও দক্ষতার উপর মনোযোগ দেওয়াটা শুধু স্টেটের জন্যই নয়, আলবানি কাউন্টির জন্যও বড় সাফল্য। আর নির্মাণকাজ শুরু করাটা হল তার প্রথম ধাপ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন